**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**16 November 2025** **7:45 PM IST**

==============================================================

(১) জাতীয় প্রেস দিবস উপলক্ষ্যে সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকার তিন জেলায়ও আজ বিভিন্ন কার্যসূচী গ্রহণ ।

(২) আসাম পুলিশে শীঘ্রই ৪ হাজার নতুন পদে নিযুক্তির সম্ভাবনা ।

(৩) ২০২৬ বর্ষের মাধ্যমিক পরীক্ষার অনলাইন আবেদনের সময়সীমা পুনরায় বৃদ্ধি ।

---

সমগ্র দেশে আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে জাতীয় প্রেস দিবস উদযাপন করা হয়েছে ।ভারতীয় প্রেস কাউন্সিলের প্রতিষ্ঠা দিবস উদযাপন সহ সংবাদ মাধ্যমের স্বাধীনতা এবং সমগ্র বিশ্বের সাংবাদিকদের ভূমিকা সম্পর্কে সচেতন করার উদ্দেশ্যে এই দিবস উদযাপন করা হয় । এবারের জাতীয় প্রেস দিবসের মূল বিষয় হচ্ছে

‘নতুন সাহসি বিশ্বে সাংবাদিকতা - সংবাদ মাধ্যমের স্বাধীনতা এবং গণ মাধ্যমের ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার প্রভাব ।’
জাতীয় প্রেস দিবস উপলক্ষে আসামেও আজ বিভিন্ন কার্যসূচী পালন করা হয় । রাজ্য সরকারের তথ্য ও জনসংযোগ সঞ্চালকালয়ের উদ্যোগে গুয়াহাটীর লোকনির্মাণ বিভাগের সম্মেলন এবং প্রশিক্ষণ কেন্দ্রে রাজ্য পর্যায়ের অনুষ্ঠানের আয়োজন করা হয় ।অনুষ্ঠানে জনসংযোগ , মুদ্রণ ও লেখন সামগ্রী বিভাগের মন্ত্রী পীযুষ হাজারিকা মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন । গুয়াহাটী প্রেস ক্লাবের উদ্যোগেও আজ এই দিবস উপলক্ষে প্রবীণ সাংবাদিকদের সম্বর্ধনা জ্ঞাপন ,ক্যুইজ প্রতিযোগিতা ইত্যাদির আয়োজন করা হয় ।

---

বরাক উপত্যকার তিন জেলায়ও আজ জাতীয় প্রেস দিবস পালন করা হয়েছে ।

কাছাড় জেলা প্রশাসনের উদ্যোগে আজ শিলচর জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদবের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় মুখ্য বক্তা আসাম বিশ্ববিদ্যালেয়র গণ জ্ঞাপন বিভাগের প্রধান অধ্যাপক ডঃ চার্বাক জাতীয় প্রেস দিবসের তাৎপর্য্য নিয়ে  আলোচনায় অংশগ্রহন করেন । অধ্যাপক চার্বাক তাঁর বক্তব্যে সংবাদ মাধ্যমের আধুনিকীকরন , ডিজিটেল সম্প্রসারন এবং তরুন সাংবাদিকদের নৈতিক দায়িত্ব নিয়ে মত প্রকাশ করেন ।

এছাড়াও আলোচনায় প্রবীন সাংবাদিক তৈমুর রাজা চৌধুরী প্রত্যাহ্বান স্বত্তেও সংবাদকর্মীরা সত্য ও ন্যায়ের পথে  অটল থেকে সমাজকে সচেতন করছেন বলে মত প্রকাশ করেন । পরে জেলা প্রশাসনের পক্ষ থেকে সাংবাদিকদের সংবর্ধনা জানানো হয় ।

---

শ্রীভূমি জেলায়ও আজ বিভিন্ন কার্য্যসূচীর মধ্য দিয়ে জাতীয় প্রেস দিবস পালন করা হয়েছে । শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে এবং জেলা তথ্য ও জনসংযোগ বিভাগের সহযোগীতায়  এউপলক্ষ্যে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা উন্নয়ন আয়ুক্ত দীপক জিডুং-এর পৌরহিত্যে জেলা আয়ুক্তের কার্যলয়ে বিভ্রান্তিমূলক তথ্যের মধ্যে সংবাদসেবার বিশ্বাসযোগ্যতা রক্ষা নিয়ে আয়োজিত আলোচনা সভায় প্রবীন সাংবাদিক হবিবুর রহমান চৌধুরী , মিহির কান্তি দেবনাথ , শীর্ষেন্দু সী , অরূপ রায় প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলায়ও আজ জাতীয় প্রেস দিবস পালন করা হয়েছে । জেলা প্রশাসনের উদ্যোগে এ উপলক্ষ্যে আজ জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।  জেলা আয়ুক্ত অভিষেক জৈনের পৌরহিত্যে আয়োজিত আলোচনার বিষয় ছিল - বিভ্রান্তিমূলক তথ্যের মধ্যে সংবাদ মাধ্যমের বিশ্বাসযোগ্যতাকে  সুরক্ষা প্রদান । আলোচনায়  বরাক উপত্যকা বঙ্গ সাহিত্য ও সংস্কৃতি সম্মেলনের কাছাড় জেলা শাখার সচিব তথা বিশিষ্ট সাংবাদিক উত্তম সাহা মূখ্য বক্তা হিসেবে উপস্থিত ছিলেন । সভায় তথ্য ও জনসংযোগ আধিকারীক সাজ্জাদুল হক চৌধুরী কোন সংবাদ যাতে বিভ্রান্তী ছড়াতে না পারে ,সেজন্য উৎস স্থল ও

অপর পক্ষের মতামত গ্রহণ করার আহ্বান জানান । সভায় লালা রুরেল কলেজের অধ্যক্ষ হিমব্রত চক্রবর্তী বলেন -----

বাইট----

---

এদিকে ডিমা হাসাও জেলা প্রশাসনের উদ্যোগেও আজ হাফলং-এর তথ্য ও জনসংযোগ কার্যলয়ে এই দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে আয়োজিত আলোচনা সভায় কর্মরত সাংবাদিক ও সম্পাদকরা বক্তব্য রাখেন ।

---

রাজ্যের পুলিশ বিভাগে শীঘ্র ৪ হাজার নতুন পদে নিযুক্তি দেওয়া হবে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা আজ সামাজিক মাধ্যমে একথা জানান । রাজ্যের ২ লক্ষ বেকারকে সরকারী চাকুরী প্রদান করার জন্য সরকারের গ্রহণ করা লক্ষ্য এই পদক্ষেপ ত্বরান্বিত করবে বলে মূখমন্ত্রী আশা প্রকাশ করেন । তিনি বলেন জে বিজেপি সরকারের নেতৃত্বে সম্প্রতি স্বচ্ছ ও সুষ্ঠ পদ্ধতিতে মেধার ভিত্তিতে  যুবক যুবতীরা নিয়োগের সুবিধা লাভ করেছে । সরকার কোনো উৎকোচ ছাড়া চাকুরী লাভ করার মতো পরিবেশ গড়ে তুলেছে বলে মূখ্যমন্ত্রী মত প্রকাশ করেন । ৫ বছর সম্পূর্ণ হবার পূর্বেই এক লক্ষ ৩৫ হাজার সরকারী চাকুরীর সুবিধা প্রদান করতে সরকার সফল হয়েছে বলেও তিনি মন্তব্য করেন ।

---

২০২৬ বর্ষের মাধ্যমিক পরীক্ষার অনলাইন আবেদনের সময়সীমা পুনরায় বৃদ্ধি করা হয়েছে । আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ গতকাল এক

নির্দেশে একথা জানিয়েছে । অনলাইন আবেদনের জন্য আগামীকাল থেকে আগামী ২০ শে নভেম্বর পর্যন্ত নির্দিষ্ট পোর্টেল চালু করা হবে । শিক্ষার্থীরা আগামী ২১ শে নভেম্বর পর্যন্ত মাসুল জমা করতে পারবে । প্র-পত্র পূরণের কাজ সম্পূর্ণ না করা সব শিক্ষা প্রতিষ্ঠানকে নির্ধারিত সময়ের মধ্যে এই প্রক্রিয়া সম্পূর্ণ করতে নির্দেশে বলা হয়েছে । পরবর্তী সময়ে কোনো ধরণের পরিস্থিতিতে প্র-পত্র পূরণের সময়সীমা বৃদ্ধি করা হবে না বলে নির্দেশে স্পষ্ট করে দেওয়া হয়েছে ।

---

রাজ্যের শিক্ষা বিভাগ নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিকের ৪ হাজার ৫০০ টি শূণ্য শিক্ষক পদে শীঘ্র নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করবে । এক্ষেত্রে প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি ইতিমধ্যে শিক্ষক পদের জন্য পূর্বে অনুষ্ঠিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের নথি পরীক্ষার কাজ আগামীকাল থেকে আরম্ভ হবে বলে জানিয়েছেন । উল্লেখ্য নিম্ন প্রাথমিকে দুহাজার ৯০০ এবং উচ্চ প্রাথমিকে এক হাজার ৬০০ পদের জন্য চলতি বছরের জানুয়ারীতে বিজ্ঞাপন প্রকশ করা হয়েছিলো । ৪২ হাজার প্রার্থী আবেদন করার পর ৪ হাজার ৫০০ পদের জন্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী বাছাই করা হয়েছিলো । প্রাথমিক শিক্ষা সঞ্চালক জানান যে প্রথমে দিব্যাঙ্গ প্রার্থীদের জন্য সংরক্ষিত ৪০২ টি পদের জন্য উত্তীর্ণ প্রার্থীদের নথি পরীক্ষার কাজ আরম্ভ হবে । এরপর অন্যান্য প্রার্থীদের নথি পরীক্ষা করা হবে । চলতি মাসে আনুষ্ঠানিকভাবে প্রাথমিক শিক্ষকের নিযুক্তি পত্র বিতরণ করা হবে বলে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা ঘোষনা করেছিলেন । সে অনুসারে প্রার্থীর নথি পরীক্ষার কাজ দ্রুত এগিয়ে নিয়ে যাবার জন্য শিক্ষা বিভাগ প্রয়াস চালাচ্ছে । চা জনগোষ্ঠী ও আদিবাসী সম্প্রদায় থেকে স্নাতক এবং স্নাতকোত্তর পদের জন্য নির্বাচিত প্রার্থীদের আগামী ২০ শে নভেম্বর নিযুক্তিপত্র বিতরণ করা হবে ।

---

রাজ্য সরকারের কর্মচারীদের সুরক্ষার জন্য সরকারের গ্রহণ করা শূণ্য ব্যয় বীমা প্রকল্পের অধীনে অর্থ বিতরণ ইতিমধ্যে
শুরু করা হয়েছে । এই সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেন যে কর্মচারীদের মর্যাদা , নিরাপত্তা তথা কল্যাণের জন্য সরকার বিভিন্ন সময়ে নানা পদক্ষেপ গ্রহণ করে আসছে ।কর্মচারী এবং তাদের পরিবারের জন্য রাজ্য সরকারের দায়বদ্ধতা বজায় থাকবে বলে তিনি আশা প্রকাশ করেন । তিনি বলেন যে রাজ্যের উন্নয়নে প্রত্যেক কর্মচারীর অবদান রয়েছে ।

---

জুবিন গার্গের জন্ম দিবস উপলক্ষে আগামী ১৮ ই নভেম্বর সমগ্র রাজ্যে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । এ উপলক্ষে রাজ্যের ৫৩ টি স্থানে রক্তদান শিবির অনুষ্ঠিত হবে বলে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তন বিশ্বশর্মা সামাজিক মাধামে জানিয়েছেন । তিনি বলেন যে প্রিয় শিল্পীর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করার উদ্দেশ্যে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।এদিকে কোকরাঝার জেলার গৌরাং নদীর পারের চান্দামারীতে ৩০ বিঘা জমিতে জুবিন গার্গ উদ্যান স্থাপন করা হবে । বি টি আর প্রধান হাগ্রামা মহিলারী আগামীকাল
এই উদ্যানের ভিত্তিপ্রস্থর স্থাপন করবেন ।

---

রাজ্যের পূর্ত , মৎস্য , পশুপালন ও পশু চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল আজ পাথারকান্দি বিধানসভা এলাকার লক্ষীপুর - মেহেন্দিবাড়ি রোডে লংগাই নদীর ওপর একটি আর সি সি সেতুর ভিত্তিপ্রস্থর স্থাপন করেন ।৫ কোটি টাকারও বেশি ব্যয় সাপেক্ষে এই সেতুর নির্মাণ কাজ সম্পন্ন হলে এলাকার যোগাযোগ ব্যবস্থা আরও উন্নত হবে এবং উন্নয়নের গতি ত্বরান্বিত হবে বলে মন্ত্রী আশা প্রকাশ করেন ।

---